(রাধা ফিল্ম
কোম্পানী
হইতে গৃহীত)

রূপোর ঝুম্‌কো— সংগঠনকারী

কাহিনী	— গোবিন্দ বন্দ্যোপাধ্যায়
পরিচালক	— জ্যোতিষ বন্দ্যোপাধ্যায়
ঐ সহকারী	— রবি রায়
আলোক-চিত্র-শিল্পী	— বীরেন দে
ঐ সহকারী	— মুরারী ঘোষ
শব্দযন্ত্রী	— নৃপেন পাল ও ভূপেন ঘোষ
সঙ্গীত পরিচালক	— এস, এন, দাস
ঐ সহকারী	— রতন দাস
ব্যবস্থাপক	— বিদ্যাধর মল্লিক ও নীলমণি রায়
রসায়নাগার অধ্যক্ষ	— অবনী রায় ও চণ্ডীচরণ শীল
দৃশ্যসজ্জাকর	— শঙ্কর ঘুরাজী
রূপসজ্জাকর	— বসন্ত দত্ত
স্থির-চিত্র-শিল্পী	— ক্ষেত্রমোহন দে
চিত্র সম্পাদক	— অমর চট্টোপাধ্যায় ও অরবিন্দ মিত্র
নৃত্য পরিকল্পনা	— সমর ঘোষ

ভূমিকা লিপি

- - রূপোর ঝুম্‌কো - -

ধীরাজ ভট্টাচার্য	... প্রদীপ সেন
সত্য মুখার্জ্জি	... মন্মথ
নীলু রায় (এঃ)	... সুতনু
ফণিভূষণ বিদ্যাবিনোদ	... অতুলানন্দ সরস্বতী
কার্ত্তিক দে	... হরগোবিন্দ
প্রভাস মিত্র	... গিরিধারী
প্রফুল্ল দাস	... অষ্টাবক্র
অতুল ভট্টাচার্য্য	... সামসুল বসিরুদ্দীন
মুরারী মুখার্জ্জি	... লীলায়িত ধর
মাষ্টার গঙ্গাধর	... কল্পনার ভ্রাতা
পারুলবালা	... কল্পনা
কমলা দে	... কুন্তলা
কমলকুমারী	... অনিলা

বিভিন্ন ভূমিকায়—

বেলারাণী, রাজলক্ষ্মী (গায়িকা), রাজলক্ষ্মী, রাজলক্ষ্মী (পচি)
গীতা বীণা, রাজলতিকা, যতীন চৌধুরী

রূপোর ঝুম্‌কো

—গল্পাংশ—

কুমারী কল্পনা ও কুন্তলা—তরুণী, আধুনিকা। একদিন "লেকে" বেড়াতে গিয়ে, কল্পনা তার কানের একটী রূপোর ঝুম্‌কো হারিয়ে ফেলে। পরে সে ঝুম্‌কো খুঁজতে খুঁজতে দেখতে পায় যে একটী ভদ্রলোক তা' কুড়িয়ে পেয়ে মুখে মুখে কবিতা আওড়াচ্ছেন আর মাঝে মাঝে ঝুম্‌কোটীর দিকে এমনভাবে চাইছেন যেন ঐ রূপোর ঝুম্‌কোর অধিকারিণী তাঁরই সামনে দাঁড়িয়ে আছে। তা দেখে কুন্তলা বল্লে—"ছি-ছি-Nasty! আজকালকার পুরুষগুলো Degradation-এর চরম সীমায় নেমেছে।"

তারপর কল্পনাকে বল্লে—"নে নে তোর ঝুম্‌কোটা চেয়ে নে!"

কল্পনা উত্তর দিল—"ভারি তো ঝুম্‌কো—ওর জন্যে ভদ্রলোকের অমন ভাব আমি ভেঙ্গে দিতে চাই না।"

দেখতে দেখতে সে ভদ্রলোকটী কবিতা আওড়াতে আওড়াতে চলে গেল—

"এ ভাদর মাসে,

কাহার কানের দুল উড়ে এল ঘাসে,—"

ভদ্রলোকটীর নাম প্রদীপ সেন—স্বভাব কবি। বাড়ী ফিরে এসে সে তার বন্ধু মন্মথকে সব কথা খুলে বলার সঙ্গে সঙ্গে এ কথাও জানালো যে, সে—সেই অজ্ঞাত কল্পনাময়ীকে তার মর্ম্ম-মন্দিরে প্রতিষ্ঠিত করে ফেলেছে! ঝুম্‌কোধারিণীকে চাই!

এদিকে কল্পনাও বলে তার বান্ধবী কুন্তলাকে—"তাঁকে খুঁজে বার করে দে' ভাই, নইলে আমি আর বাঁচ্‌বো না! শীগ্‌গীরই ঝরে পড়্‌বো—যেমন করে ঝরে পড়ে কদমফুল থেকে তার রেণু, গাঁদাফুল থেকে তার পাপড়ি!"

তারপর—চল্‌লো অনুসন্ধান।

❋ গান ❋

মন-শেফালী বনে
আজি কেন গো (কেন)
কার পাগল বাঁশী
বাজে আকুল তানে।
যেন মিলনী মাগি
কোথা অলসে থাকি
মোর পরাণ প্রিয়
প্রাণে ফাগুন আনে।



Printed at Glasgow Printing Co., Howrah